

# ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষে ফের উত্তপ্ত চবি ক্যাম্পাস

চবি সংবাদদাতা

প্রকাশ : ২৪ ফেব্রুয়ারি ২০২৩, ২১:৪০



ছবি: সংগৃহীত

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চবি) শাখা ছাত্রলীগের বিজয় গ্রুপের ২ অংশের ফের সংঘর্ষের ঘটনা ঘটেছে। আজ (শুক্রবার) বিকেল পৌনে ৬টার দিকে বিশ্ববিদ্যালয়ে সোহরাওয়ার্দী হলে বিজয়ের এক অংশের নেতাকর্মীদের উপর আকস্মিক আক্রমণ চালায় বিজয় গ্রুপের অপর অংশ। এতে সংঘর্ষ বাধে। এসময় চলে দা-রামদাসহ দেশীয় অস্ত্রের মহড়া। ভাঙচুর করা হয় সোহরাওয়ার্দী হলের ৮টি কক্ষ। আধাঘণ্টা চলা সংঘর্ষ পুলিশের হস্তক্ষেপে নিয়ন্ত্রণে আসে। তবে ক্যাম্পাসের পরিস্থিতি বেশ থমথমে। এ ঘটনায় ৪ জন আহত হওয়ার খবর পাওয়া গেছে।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

সূত্র জানায়, আলাওলের হলের কক্ষ দখলকে কেন্দ্র করে পূর্ব শত্রুতার জেরেই এই সংঘর্ষের সূত্রপাত। বেশ ক'দিন থেকেই শাখা ছাত্রলীগের বিজয় গ্রুপের এই দুই অংশের মধ্যে বিরোধ চলছে। এর আগে একুশে ফেব্রুয়ারির প্রথম প্রহরে সংঘর্ষে জড়িয়েছিল বিবদমান দুটি অংশ। এ গ্রুপটি শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেলের অনুসারী।



ইবি উপাচার্যের কার্যালয়ে তালা,  
অস্থায়ী কর্মচারীদের বিক্ষোভ

এ বিষয়ে বিজয় গ্রুপের সোহরাওয়ার্দী হলে অবস্থানরত একাংশের নেতা নজরুল ইসলাম সবুজ দৈনিক ইত্তেফাককে বলেন, ওরা অতর্কিতভাবে আমাদের ছেলেদের উপর আক্রমণ চালায়। তখন কেউ খেলছিল কেউ ঘুমচ্ছিল। আমরা এর সুষ্ঠু বিচার দাবি করছি।



ছবি: সংগৃহীত

বিজয়ের অপর অংশের নেতা নয়ন চন্দ্র মোদক বলেন, একুশের প্রথম প্রহরে ফুল দিতে গেলে ওরা আমাদের উপর আক্রমণ করে। এরপর থেকেই ওরা বারবার আমাদেরকে দুমকি দিয়ে আসছিল। এর জেরেই আজকের এ ঘটনা।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর ড. শহীদুল ইসলাম দৈনিক ইত্তেফাককে বলেন, আমরা ঘটনা শোনার সাথে সাথেই পুলিশ পাঠিয়েছি। পুলিশ ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের সহায়তায় পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। এ ঘটনায় যারা জড়িত তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেওয়া হবে।

ইত্তেফাক/বিএএফ